"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

প্রতিদিন একবার হলেও আপনার প্রতিষ্ঠানের ই-মেইল ওপেন করুন।

প্রতিদিন একবার হলেও বাকাশিবো এর ওয়েবসাইট (www.bteb.gov.bd) ভিজিট করুন।

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (ডিপ্লোমা শাখা)
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
Website: www.bteb.gov.bd

স্মারক নং- ৩৭.১৭.০০০০.৩০১.৩১.০০৬.১৭.১৭৯ তারিখঃ ০৫-১২-২০১৭খ্রিঃ

## বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন ২০১৭ সনের ১ বছর মেয়াদি ডিপ্লোমা ইন মেডিকেল আলট্রাসাউন্ড ২য় পর্ব বোর্ড সমাপনী পরীক্ষা আগামী ৩১ ডিসেম্বর ২০১৭ খ্রিঃ তারিখ রোজ রবিবার হতে বোর্ড নির্ধারিত কেন্দ্রসমূহে অনুষ্ঠিত হবে।

পরীক্ষার বিস্তারিত সময়সূচি যথাসময়ে অবহিত করা হবে। উক্ত পরীক্ষার প্রয়োজনীয় তথ্যাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান হতে জানা যাবে এবং উক্ত তথ্যাদি কারিগরি শিক্ষা বোর্ডের নিজস্ব ওয়েবসাইটেও দেখা যাবে।

স্বাক্ষরিত/-
**(ড. সুশীল কুমার পাল)**
পরীক্ষা নিয়ন্ত্রক
ফোন- ৯১১৩২৮৩

ডিপ্লোমা ইন মেডিকেল আলট্রাসাউন্ড শিক্ষাক্রমের ২য় পর্ব বোর্ড সমাপনী পরীক্ষা অত্র বোর্ডের অনুমোদিত প্রবিধান মোতাবেক উক্ত শিক্ষাক্রমের সিলেবাসে বর্ণিত সংশ্লিষ্ট বিষয়ের আচরণ ভিত্তিক পাঠ্যসূচি ও মান বন্টন অনুযায়ী লিথোবিহীন উত্তরপত্রের গ্রহণ করা হবে। পরীক্ষার ফরম পূরণ, ফি আদায় এবং বোর্ডে ফি প্রেরণের নিয়মাবলী নিম্নে বর্ণিত হলো।

১। **পরীক্ষার ফরম পূরণের নিয়মঃ**

১.১ ডিপ্লোমা ইন মেডিকেল আলট্রাসাউন্ড শিক্ষাক্রমের সকল পর্বের ফরম পূরণ Online -এ সম্পন্ন করতে হবে।

১.২ ডিপ্লোমা ইন মেডিকেল আলট্রাসাউন্ড শিক্ষাক্রমের ২য় পর্ব পরীক্ষার্থীদের জন্য পরীক্ষার্থীদের স্বাক্ষর যুক্ত প্রিন্টআউট কপিই পরীক্ষার ফরম পূরণ হিসাবে বিবেচ্য হবে। উক্ত শিক্ষাক্রমের ২য় পর্ব সমাপনী পরীক্ষার প্রিন্টআউট কপি নির্ধারিত (অনুচ্ছেদ ৩.৬ এ বর্ণিত) তারিখ অনুযায়ী অত্র বোর্ডের Website হতে সংগ্রহ করতে হবে। **প্রিন্টআউট কপির ফটোকপি অবশ্যই নিজ নিজ প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে, কারণ পরবর্তীতে উক্ত পরীক্ষার্থীদের যে-কোন সমস্যায় প্রিন্টআউট কপির ফটোকপিসহ অত্র বোর্ডে আবেদন করতে হবে।**

২। **পরীক্ষার ফিসমূহের হারঃ**

| | | |
|---|---|---|
| ১. | পরীক্ষার ফি (বোর্ড পাবে) | ৪০০.০০ |
| ২. | কেন্দ্র ফি | ৪৫০.০০ |
| ৩. | ব্যবহারিক পরীক্ষার ফি (প্রতিষ্ঠান পাবে) | ব্যবহারিক বিষয়ের সংখ্যা × ২৫.০০ |
| ৪. | নমবরপত্র ফি (প্রতিষ্ঠান পাবে) | ৭৫.০০ |
| ৫. | সনদপত্র ফি | ১০০.০০ |

৩। **শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ফি প্রেরণের নিয়মাবলিঃ**

৩.১ পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত পরীক্ষার ফি সোনালী ব্যাংকের যে-কোনো শাখা হতে সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা -এর অনুকুলে প্রদান করতঃ তৎপরিবর্তে সংগৃহীত ড্রাফটটি পরীক্ষার্থীদের তালিকার সংঙ্গে অবশ্যই প্রেরণ করতে হবে। ড্রাফট্টি সোনালী ব্যাংকের আগারগাঁও শাখা ঢাকা হতে উত্তোলনযোগ্য হতে হবে।

৩.২ পরীক্ষার্থীদের প্রিন্টআউট কপি এবং পরীক্ষা ফি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যম ব্যতীত সরাসরি অত্র অফিসে গ্রহণ করা হবে না। ব্যাংক ড্রাফ্ট সংগ্রহের নিমিত্ত প্রদানযোগ্য কমিশন সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহন করতে হবে। নগদ অর্থ, মানি অর্ডার, চেক, পোস্টাল অর্ডার বা ট্রেজারী চালানযোগে প্রেরিত অর্থ গ্রহণযোগ্য নয়।

৩.৩ অসম্পূর্ণ বা ভুল তথ্য বিশিষ্ট প্রিন্টআউট কপি বা নির্ধারিত ফি ব্যতীত ফরমপূরণ সরাসরি নাকচ করা হবে।

৩.৪ কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ শিক্ষা প্রতিষ্ঠানের কেন্দ্র ফি তহবিল (ব্যাংক একাউন্টে) জমা থাকবে এবং পরীক্ষা সংক্রান্ত সকল স্তরে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের সম্মানী/পারিশ্রমিক পরীক্ষার সমাপ্তির পর পরই সম্মানী/পরিশ্রমিকের হার অনুযায়ী পরিশোধের ব্যবস্থা করতে হবে। পরিশোধিত বিলের একটি প্রতিলিপি মোট আয় ও ব্যয়ের অংক উল্লেখসহ) যথাসময়ে অত্র বোর্ডের সচিবের বরাবরে প্রেরণ করতে হবে।

৩.৫ নিমণবর্ণিত ছক অনুযায়ী পরীক্ষার্থীদের একটি তালিকা প্রেরণ করতে হবেঃ

| ক্রমিক নং | পরীক্ষার্থীদের নাম | রোল নমবর | রেজি: নমবর ও সেসন | পরীক্ষার ফি | বিলমব ফি | নমবরপত্র ফি | মোট ফি | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৮ | ৭ | ৯ | ১০ |
| | | | | | | | | |

৩.৬ নিম্ন ছকে প্রদত্ত তারিখ অনুযায়ী পরীক্ষা সংশ্লিষ্ট কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অধিকতর যত্নশীল ও দায়িত্ববান হওয়ার জন্য অনুরোধ করা হলো।

| শিক্ষা প্রতিষ্ঠানে বিলমব ফি ব্যাতীত ফরম ফিলাপ ও ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ | শিক্ষা প্রতিষ্ঠানে বিলমব ফিসহ (৩০০/- টাকা প্রতি পরীক্ষার্থী) ফরম ফিলাপ ও ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ | অত্র বোর্ডের Website-এ ফরম ফিলাপ এর ডাটা এন্ট্রি করার তারিখ | সকল ব্যাংক ড্রাফট, প্রিন্টাউট কপি বোর্ডে জমা/গ্রহণের শেষ তারিখ | নির্ধারিত তারিখের (১৭-১২-২০১৭) পর প্রতিষ্ঠান কর্তৃক ২৫০০/- টাকা প্রতিষ্ঠান জরিমানা সাপেক্ষে ১৮-১২-২০১৭ তারিখ পর্যন্ত ড্রাফট গ্রহণ করা | অত্র বোর্ড হতে প্রবেশপত্র ও পরীক্ষা সংক্রামত্ম প্রয়োজনীয় কাগজপত্র গ্রহণের তারিখ | প্রবেশপত্র সংশোধনের সময়সীমা |
|---|---|---|---|---|---|---|
| ১১-১২-২০১৭ | ১২-১২-২০১৭ | ১০-১২-২০১৭ হতে ১২-১২-২০১৭ | ১৭-১২-২০১৭ | হবে। এরপর কোন অবস্থাতেই আর গ্রহণ করা হবে না। | ২৪-১২-২০১৭ | ২৪-১২-২০১৭ হতে ২৬-১২-২০১৭ |

৩.৭ পরীক্ষার প্রিন্টআউট কপি ও অন্যান্য সমুদয় ফি বাবদ প্রদত্ত ব্যাংক ড্রাফট স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানের একজন দায়িত্বশীল কর্মকর্তা/ রেজিস্ট্রার বা সমপর্যায়ের কোন কর্মকর্তার মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে অত্র বোর্ডে প্রেরণের ব্যবস্থা করতে হবে। তবে, সংশ্লিষ্ট কর্মকর্তার ভ্রমন সম্পর্কিত ব্যয়ভার শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহনযোগ্য।

৩.৮ পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়ের যোগাযোগ বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক [দৃষ্টি আকর্ষণঃ উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)] বরাবরে প্রেরণ করতে হবে।

৪। <u>অন্যান্য শর্তাবলীঃ</u>

৪.১ পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত ফিসের অর্থ একটি মাত্র ব্যাংক ড্রাফট এর মাধ্যমে ও এন্ট্রিফরম/প্রিন্টাউট কপিসমূহ ৩.৫ অনুচ্ছেদ মোতাবেক প্রনীত বিবরণী একটি ফরোয়ার্ডিং এর (চিঠিতে) মাধ্যমে অত্র অফিসে প্রেরণ করতে হবে (ভিন্ন ভিন্ন ড্রাফট সহকারে ও একাধিক ফরোয়ার্ডিং এর (চিঠিতে) মাধ্যমে এন্ট্রিফরম প্রেরণ করা বর্জনীয়)।

৪.২ নির্ধারিত সময় সীমার মধ্যে বোর্ডের Website -এ ডাটা এন্ট্রি ও প্রিন্টআউট কপি বোর্ড অফিসে জমা গ্রহণ নিশ্চিত করতে ও সংশ্লিষ্ট পরীক্ষার্থীদেগকে যে-কোনো প্রকারের উদ্বিগ্নতা ও বিড়ম্বনা হতে পরিত্রানের লক্ষ্যে প্রিন্টআউট কপি ও অফিসের অর্থ উক্ত ৩.৬ অনুচ্ছেদ মোতাবেক প্রেরণ করতে হবে।

৪.৩ পরীক্ষায় অব্যবহৃত উত্তরপত্র ও অতিরিক্ত উত্তরপত্রের হিসাব পরীক্ষা শেষ হওয়ার ৭ (সাত) দিনের মধ্যে অত্র বোর্ডে পাঠাতে হবে এবং পরবর্তী পরীক্ষার খাতা গ্রহণের সময় পূর্বের খাতা সমন্বয় করে খাতা গ্রহণ করতে হবে। অন্যথায় চাহিদা অনুযায়ী উত্তরপত্র ও অতিরিক্ত উত্তরপত্র প্রদান করা হবে না।

৪.৪ ডিপ্লোমা ইন মেডিকেল আলট্রাসাউন্ড নিয়মিত পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের প্রবিধান অনুযায়ী (ফরম ফিলাপের তারিখ পর্যমত্ম) ৮০% হাজিরা নিশ্চিত করে অধ্যক্ষ মহোদয় কর্তৃক প্রত্যয়নপত্র প্রেরণ করতে হবে।

৪.৫ ডিপ্লোমা ইন মেডিকেল আলট্রাসাউন্ড এর সংশ্লিষ্ট পর্বের সিলেবাস অনুযায়ী কোর্স যথাযথভাবে সমাপ্ত হবে এ মর্মে অধ্যক্ষ মহোদয় কর্তৃক প্রত্যায়নপত্র প্রদান করতে হবে।

স্মারক নং- ৩৭.১৭.০০০০.৩০১.৩১.০০৬.১৭.১৭৯(১৩) তারিখঃ ০৫-১২-২০১৭খ্রিঃ

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ**

১. সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক/প্রকল্প পরিচালক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২. উপদেষ্টা, স্বাস্থ্য প্রযুক্তি ও সেবা শিক্ষাক্রম অনুষদ, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৩. কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংশ্লিষ্ট কেন্দ্রসমূহ।
৪. অধ্যক্ষ/পরিচালক, ------------------------------------------------------------ (সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান)।
৫. উপ পরীক্ষা নিয়ন্ত্রক-গোপনীয়/সনদ/বিএম/ভোক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা ।
৬. উপ সচিব (রেজিঃ)/উপসচিব (প্রশাসন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. সিষ্টেম এনালিষ্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (নোটিশটি ওয়েবসাইটে প্রকাশ করাসহ Online এ ফরম ফিলাপের ডাটা এন্ট্রির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৯. সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক-ডিপ্লোমা/কৃষি/টেক্সটাইল/শর্টকোর্স, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. সহকারি প্রোগ্রামার (ডিএমইউ পরীক্ষার দায়িত্বপ্রাপ্ত), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১. ডকুমেন্টেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১২. প্রেস ম্যানেজার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৩. চেয়ারম্যান মহোদয়ের পার্সোনাল অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৪. নথি।

**(মোহাম্মদ আবুল শাহিন কাওছার সরকার)**
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)
ফোনঃ ৯১১৮৭৭৬